

পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

গণপতিনগর :: উত্তর সোনামুই :: পূর্ব মেদিনীপুর

পত্রাঙ্ক নং- ৫৬/বন ও ভূমি/ গাছ

তারিখ ০৯-০৩-২০১৮

বিজ্ঞপ্তি (গাছ নীলাম)

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যায় যে, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ নিয়ন্ত্রনামূলক পুরানো পাঁশকুড়া বাজার থেকে খোকামিয়া পর্যন্ত ৫ কিমি বাস রাস্তার উপর উভয় দিকে সংযোজিত তালিকা অনুযায়ী ৮৪টি বিভিন্ন প্রজাতির গাছের দন্ডায়মান অবস্থায় পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ কার্যালয়ে (সভাকক্ষে) জেলা পরিষদ কর্তৃপক্ষের উপস্থিতিতে প্রকাশ্য নীলাম ডাক করা হইবে। উক্ত গাছগুলি ক্রয় করিতে ইচ্ছুক সর্ব সাধারণ সংযোজিত তালিকায় উল্লিখিত সময় ও স্থানে উপস্থিত হইয়া নিজ নিজ নামে ডাক দিবেন। প্রকাশ্য নীলাম ডাকটি সর্বসাধারণের মধ্যে সংঘটিত করা হইবে।

প্রকাশ থাকে যে, নীলাম ডাকের পূর্বে প্রত্যেক ডাককারীকে তালিকায় উল্লিখিত হারে আমানত বাবদ অর্থ জমা রাখিতে হইবে। সর্বোচ্চ প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় ডাককারী ব্যতিরেকে অন্যান্য ডাককারীদিগকে ঐ আমানতের অর্থ সঙ্গে সঙ্গে ফেরৎ দেওয়া হইবে।

যে সমস্ত নিয়মে নীলাম ডাক হইবে তা সংক্ষেপে নিম্নে প্রদত্ত হইল।

১. উপরিুক্ত প্রকাশ্য নীলাম ডাকটি আগামী ২৭.০৩.২০১৮ তারিখ মঙ্গলবার বেলা ১২ টায় পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হইবে।
২. সরকারী ডাকের ন্যূনতম অর্থ ৩৪,০০,০০০.০০ টাকা (চৌত্রিশ লক্ষ টাকা) এবং আমানত জমার অর্থ ন্যূনতম ডাক মূল্যের ১০ শতাংশ ধরা হইবে।
৩. প্রথম সর্বোচ্চ ডাককারীকে গাছগুলি বিক্রয় করা হইবে এক্ষেত্রে সঙ্গে সঙ্গে সর্বোচ্চ ডাকের সমূহ অর্থ জেলা পরিষদ তহবিলে জমা দিতে হইবে। কোন রকম অর্থ বকেয়া রাখা যাইবে না।
৪. সরকারী ডাকের সর্বোচ্চ ডাক মূল্য যেটি গৃহীত হইবে, সেটি নগদে / ব্যাঙ্ক ড্রাফটে জমা দিতে হইবে। ব্যাঙ্ক ড্রাফটের ক্ষেত্রে State Bank of India, Tamluk Railway শাখার উপর Financial Controller & Chief Accounts Officer, Purba Medinipur Zilla Parishad এর অনুকূলে প্রস্তুত করিয়া আনিতে পারিবেন।
৫. প্রথম সর্বোচ্চ ডাককারী যদি তার ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন বা ডাক গ্রহন করিতে অস্বীকার করেন এক্ষেত্রে তাঁর আমানত জমার অর্থ বাজেয়াপ্ত করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে তার ডাকের সমূহ জেলা পরিষদে জমা দিতে বলা হইবে। পর্যায়ক্রমে তৃতীয় ডাককারীকে অনুরূপ সুযোগ প্রদান করা হইবে।
৬. ডাকের সমূহ অর্থ জমা দেওয়ার পরে কার্যাদেশ প্রাপ্ত হইলে গাছগুলি কাটা যাইবে। কার্যাদেশের উল্লিখিত সময়ের মধ্যে গাছগুলি কাটা ও গুঁড়ি স্থানান্তর সম্পূর্ণ করিতে হইবে।
৭. গাছ কাটা নিজ দায়িত্বে করিতে হইবে এক্ষেত্রে কোনরূপ পরিবহন ব্যবস্থার প্রতিবন্ধকতার সৃষ্টি করা যাইবে না। গুঁড়ি ও গাছ কাটা এবং স্থানান্তরের যাবতীয় খরচ খরচা ক্রেতাকে নিজ দায়িত্বে বহন করিতে হইবে। এক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষ কোনরূপ খরচ খরচা বা ক্ষয়ক্ষতি বহন করিবে না।
৮. গাছের গুঁড়ি স্থানান্তরের ক্ষেত্রে সরকারী যাবতীয় আইন কানুন ও অনুমতি মেনে স্থানান্তর করিতে হইবে।
৯. ডাক চলাকালীন সময় প্রয়োজন বোধে কর্তৃপক্ষ সম্ভাব্য টাকা দর্শানোর জন্য বলিতে পারিবেন এবং ডাককারী তা দর্শাইতে বাধ্য থাকিবেন। যদি টাকা দর্শাইতে না পারেন তাহলে তাকে পরবর্তী রাউন্ড থেকে শেষ রাউন্ড পর্যন্ত ডাক দিতে দেওয়া হইবে না।

